

চুয়েটে ‘নিম্ন আয়ের লোকেদের জন্য স্যানিটেশন’ বিষয়ক কর্মশালা

প্রেস রিলিজ

৬ জুন ২০২৩ ০৮:৩৮ পিএম | আপডেট: ৬ জুন ২০২৩
০৮:৩৮ পিএম

9
Shares



চুয়েটে কর্মশালা। ছবি: সংগৃহীত

advertisement..

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) পুরকৌশল বিভাগ এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সহযোগিতায় ‘নিম্ন-আয়ের লোকেদের জন্য স্যানিটেশন’ বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনী এবং সনদ বিতরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৪টায় পুরকৌশল বিভাগের সেমিনার কক্ষে আয়োজিত কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আসিফুল হকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল ট্রেনিং নেটওয়ার্কের পরিচালক অধ্যাপক ড. তানভীর আহমেদ এবং ডাব্লিউএসইউপির স্যানিটেশন লিডার হাবিবুর রহমান।

advertisement

ছয়টি টেকনিক্যাল সেশন চট্টগ্রাম আরেফিন নগরে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দুইদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার মোট ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।